গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
www.comc.college.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১৩৩.০৬.০০০১.২৬-১৫৮৬ তারিখ- ০৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ।

## "ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রাদুর্ভাব সংক্রান্ত কমিটি গঠন"

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১ এর স্মারক নং-৫৯.১৪.০০০০.০০০.১০২.৯৯.০০০১.২৪.৪১২, তারিখ- ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. মোতাবেক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং সেবাগ্রহনকারীদের উদ্দেশ্য ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রাদুর্ভাব প্রতিরোধে প্রতিকার সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে।

এমতাবস্থায়, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের সংযুক্ত উক্ত নির্দেশনাবলী প্রতিপালনের জন্য কুমিল্লা মেডিকেল কলেজের নিম্নেবর্নিত কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

১। অধ্যাপক ডাঃ মোঃ সজিবুর রশিদ ঃ সভাপতি
উপাধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

২। ফেইজ কো-অর্ডিনেটর-১, ২ ও ৩ ঃ সদস্য
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

৩। হোস্টেল তত্ত্বাবধায়ক ঃ সদস্য
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

৪। মোঃ আসিফ ইকবাল, মনিটর, ৫ম বর্ষ ঃ সদস্য
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

৫। তাসনিমা মজুমদার বর্ষা, মনিটর, ৫ম বর্ষ ঃ সদস্য
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

৬। ফেইজ কো-অর্ডিনেটর- ৪ ঃ সদস্য-সচিব
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

গঠিত কমিটিকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বর্ণিত পত্র ও সংযুক্ত নির্দেশনাবলী মোতাবেক অত্র কলেজে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো।

সংযুক্ত:- ০২ পাতা।

8.9.26
অধ্যাপক ডাঃ মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

স্মারক নং-৫৯.১৪.০০০০.১৩৩.০৬.০০০১.২৬-১৫৮৬ (১২) তারিখ- ০৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা; দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক (সমন্বয়)।
০২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
০৪। উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৫। ফেইজ কো-অর্ডিনেটর- ১, ২, ৩ ও ৪, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৬। হোস্টেল তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৭। মোঃ আসিফ ইকবাল, মনিটর, ৫ম বর্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৮। তাসনিমা মজুমদার বর্ষা, মনিটর, ৫ম বর্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৯। অফিস কপি।

8.9.26
অধ্যাপক ডাঃ মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

Head Asst.
Committee গঠন প্রস্তাব
8.9.26



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgme.gov.bd

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.০০০.১০২.৯৯.০০০১.২৪.৪১২

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রাদুর্ভাব সংক্রান্ত নির্দেশনা।**

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী এবং সেবাগ্রহণকারীদের উদ্দেশ্যে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রাদুর্ভাব প্রতিরোধ ও প্রতিকার সংক্রান্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০২। সংযুক্ত নির্দেশনাবলী প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭-০৯-২০২৬
ডা. মিছবাহ উদদীন আহমদ
পরিচালক (প্রশাসন)
ফোন : ০২৪১০৮২৫১১
ইমেইল : directoradmin@dgme.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ-সমূহ।
২। অধ্যক্ষ (সকল), সরকারি /বেসরকারি ডেন্টাল কলেজ-সমূহ।
৩। পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই), ঢাকা।
৪। অধ্যক্ষ, সরকারি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি)-সমূহ।
৫। অধ্যক্ষ, সরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস)-সমূহ।
৬। অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ-সমূহ।
৭। অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ঢাকা।

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.০০০.১০২.৯৯.০০০১.২৪.৪১২/১ (৪)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা; দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক (সকল), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**বিষয়: ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কর্মসূচি পালন সংক্রান্ত নির্দেশনা।**

দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব প্রতিরোধ এবং ডেঙ্গু বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের আওতাধীন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত কর্মসূচি যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১। ০৯ সেপ্টেম্বর ২০২৬, বুধবার সংশ্লিষ্ট মেডিকেল কলেজের নিজস্ব একজন বিশেষজ্ঞ চিকিৎসকের নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ডেঙ্গু বিষয়ক সেমিনার/আলোচনা সভা আয়োজন করতে হবে। সেমিনারে ডেঙ্গুর কারণ, লক্ষণ, প্রতিরোধ, চিকিৎসা, রোগীর করণীয় এবং ডেঙ্গু প্রতিরোধে ব্যক্তিগত ও সামাজিক দায়িত্ব বিষয়ে আলোচনা করতে হবে।

২। ১০ সেপ্টেম্বর ২০২৬, বৃহস্পতিবার শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক র‍্যালি আয়োজন করতে হবে। র‍্যালিতে ডেঙ্গু প্রতিরোধ, এডিস মশার প্রজননস্থল ধ্বংস এবং পরিচ্ছন্নতা বিষয়ে জনসচেতনতামূলক বার্তা প্রচার করতে হবে।

৩। ১২ সেপ্টেম্বর ২০২৬, শনিবার সংশ্লিষ্ট মেডিকেল কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্যাম্পাসে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। এ সময় ক্যাম্পাসের বিভিন্ন স্থানে জমে থাকা পানি, পরিত্যক্ত পাত্র, ডাবের খোসা, প্লাস্টিকের পাত্র, টায়ারসহ এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিত করে তা অপসারণ/পরিষ্কার করতে হবে এবং নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৪। সামাজিক যোগাযোগ মাধ্যম (Social Media) ব্যবহারের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধ ও সচেতনতা সৃষ্টিতে মেডিকেল কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের সক্রিয়ভাবে উৎসাহিত করতে হবে। এ ক্ষেত্রে ডেঙ্গু প্রতিরোধ, এডিস মশার প্রজননস্থল ধ্বংস, পরিচ্ছন্নতা এবং ডেঙ্গু আক্রান্ত হলে করণীয় বিষয়ে নির্ভরযোগ্য ও জনসচেতনতামূলক তথ্য প্রচার করতে হবে।

৫। উপর্যুক্ত কর্মসূচিসমূহের সংবাদ, ছবি ও সংক্ষিপ্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মেডিকেল কলেজের ওয়েবসাইট/সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে এবং কর্মসূচি বাস্তবায়নের পর সংবাদ, নির্বাচিত আলোকচিত্র ও সংক্ষিপ্ত প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ই-মেইলে (dgmeded@gmail.com ও directoradmin@dgme.gov.bd) প্রেরণ করতে হবে।

৬। কর্মসূচিসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ/পরিচালককে সার্বিকভাবে তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথ গুরুত্বের সঙ্গে বাস্তবায়ন করে ডেঙ্গু প্রতিরোধে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সম্পৃক্ত করার জন্য অনুরোধ করা হলো।